

চট্টগ্রাম কমান্ড কলেজে ছাত্রদলের হামলায় ৫ ছাত্রলীগ নেতাকর্মী আহত

চট্টগ্রাম ব্যুরো

চট্টগ্রাম মহানগর ছাত্রদলের সভাপতির নেতৃত্বে ছাত্রদলের একদল ক্যাডার গতকাল মঙ্গলবার চট্টগ্রাম সরকারি কমান্ড কলেজে হামলা চালিয়েছে। এতে কলেজ ছাত্রলীগের সভাপতি ও সাধারণ সম্পাদকসহ পাঁচজন আহত হন। কিন্তু কলেজ দখল করতে না পেরে ছাত্রদল ক্যাডাররা ফাঁকা গুলি করতে করতে চলে যায়।

চট্টগ্রাম : হামলা

(শেষ পৃষ্ঠা)

সরকারি কমান্ড কলেজ ছাত্রলীগ করেছিল। বেলা ১১টায় মহানগর ছাত্রদলের সভাপতি নাজিমুর রহমানের নেতৃত্বে ২০/২৫ বহিরাগত কলেজ ক্যাম্পাসে ঢুকে পড়ে। তারা প্রথমে কলেজ ছাত্রলীগের সভাপতি প্রবীর নাথ ও সাধারণ সম্পাদক হেলাল উদ্দিনের ওপর হামলা চালায়। হামলায় বাধা দিতে গিয়ে প্রবীর ও হেলালসহ পাঁচজন ছাত্রলীগ কর্মী আহত হয়। জানা যায়, এ সময় ছাত্রদল ক্যাডাররা 'জিয়ার সৈনিক এক হও' বলে স্লোগান দিলে কলেজের মূল ভবনের দ্বিতীয় তলায় ছাত্রলীগও 'জয়বাংলা' বলে স্লোগান দেয়। ছাত্রলীগ কর্মীরা সমবেত হয়ে ছাত্রদলের ওপর ইট-পাটকেল নিক্ষেপ করলে ছাত্রদল ক্যাডাররা ফাঁকা গুলি ছুঁড়ে ছুঁড়ে কলেজ থেকে বেরিয়ে আসে। এ সময় কলেজ গেটে পুলিশের পাহারা ছিল।

ছাত্রদলের হামলার প্রতিবাদে বেলা ১২টায় ছাত্রলীগ একটি মিছিল বের করে। মিছিলটি

শিল্প ব্যাংকের সামনে এলে পুলিশ তাতে বাধা দেয়। পুলিশ ঘটনার সত্যতা স্বীকার করেছে। তবে অন্য একটি সূত্রে ক্যাম্পাস থেকে বিতাড়িত ছাত্রলীগ ক্যাডার অবদুল কাদের ওরফে মাহু কাদের ঞপের সহায়তায় ছাত্রদল ক্যাম্পাস দখলের পায়তারা করে বলে জানা যায়।